রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মে ১২, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**

**পরিবেশ অধিশাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৩ মার্চ ২০১৬ খ্রিঃ

**নং-২২.০০.০০০০.০৭৩.৩৭.০০১.২০১৪-৬৫**—জীবনিরাপত্তা সংক্রান্ত ন্যাশনাল কমিটি অন বায়োসেফটি (এনসিবি)-এর ৭ম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাণরসায়ন ও অনুপ্রাণ বিজ্ঞান বিভাগ কর্তৃক বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI)-তে Genetically Modified (GM) ধানের Contained Research Work (গবেষণা কার্যক্রম) পরিচালনার অনুমতি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রদান করা হল:

(ক) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (BRRI) এর অবকাঠামো ব্যবহার করে পরীক্ষণটি শুধু আবদ্ধ অবস্থায় কনটেইনড্ গ্রীন হাউজে সম্পন্ন করতে হবে;

(খ) পরীক্ষণাধীন ধানের বীজ একস্থান হতে অন্যত্র পরিবহনের ক্ষেত্রে (handling and transport) বায়োসেফটি গাইডলাইন্স অব বাংলাদেশ এর 3.2.2.4 (Procedure regarding handling, transport, packaging and identification of GMOs/LMOs)-এ বর্ণিত নিয়ম-কানুন এবং Cartagena protocol on Biosafety-এর বিধিবিধান অনুসরণ করতে হবে;

(গ) পরীক্ষণাধীন ধানের বীজ বা পরাগরেণু যাতে বাহিরে ছড়িয়ে পড়তে না পারে সে বিষয়ে যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। পরীক্ষণাধীন অবস্থায় GM ধানের বীজ বা এর কোনো ট্রান্সজেনিক বৈশিষ্ট্য যদি পরিবেশে ছড়িয়ে পড়ে সে ক্ষেত্রে যে কোনো বিরূপ প্রভাবের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে এর দায়-দায়িত্ব


**মূল্য ঃ** টাকা ৪.০০

বহন করতে হবে এবং এক্ষেত্রে প্রচলিত আইনে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক/ক্ষতিপূরণমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(ঘ) আবদ্ধ পরীক্ষণ চলাকালীন বায়োসেফটি মেজারস-এর পুঙ্খানুপুঙ্খ বিবরণসহ প্রতি ১৫ দিন অন্তর এনসিবি এবং বিসিসি বরাবরে প্রতিবেদন দাখিল করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোরশেদা ইয়াছমীন**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd